# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৫৬. অগ্রাধিকার ভিত্তিতে খুৎবার কী কী বিষয় থাকা উচিত?

অগ্রাধিকার ভিত্তিতে খুৎবায় সেসব বিষয় থাকা দরকার
১. আকীদা, ২. কালেমা লা ইলাহা ইল্লাহুর রুকন ও তা কবুল হওয়ার শর্তাবলি, ৩. ইসলাম ও ঈমান ভঙ্গের কারণ, ৪. তাগূতের পরিচিতি, উপমা ও এর ভয়াবহতা, ৫. শির্কের পরিচিতি, পরিণতি ও প্রচলিত দৃষ্টান্ত, ৬. কুফর ও নিফাকসহ যাবতীয় আকীদা বিষয়ক আলোচনা, ৭. সৃষ্টিজগতে আল্লাহর নিয়ামত, তাঁর অপার অসীম কুদরত ও মহিমা, ৮. জান্নাত ও জাহান্নামের চিত্র, ৯. সৎ কাজের আদেশ ও অসৎ কাজের নিষেধ ইত্যাদি। খুৎবায় আরো যেসব বিষয় থাকা আবশ্যক তা হলো ১০. রাসূলের জীবনাদর্শের অনুকরণে পথ চলায় উৎসাহ প্রদান এবং বিদআত ও কুসংস্কার থেকে সতর্কীকরণ, ১১. প্রিয় নবীর সুন্দর চরিত্রের নমুনা পেশ করা, ১২. ইসলামের বিরুদ্ধবাদীদের বক্তব্য খণ্ডন ও সকল প্রকার সন্দেহ নিরসন, ১৩. ইসলামী ভ্রাতৃত্ব ও ঐক্যের উপর গুরুত্ব প্রদান, ১৪. গবেষণালব্ধ কথাবার্তা ও উদ্ধৃতি পেশ করা, ১৫. এ ছাড়াও সাধারণভাবে কুরআন ও হাদীসের মর্মবাণী ও জীবনঘনিষ্ঠ ফিকহী মাসআলা মাসাইল ইত্যাদিকে প্রাধান্য দেওয়া।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13055

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন